দৈনিক ইনকিলাব

তারিখ 24 MAY 1987
পৃষ্ঠা ... 6 কলাম 1 ...

077

# উপজেলা পরিক্রমা

# জামালপুর সদর

জামালপুর, ২৩ মে (সংবাদদাতা)।— ৭টি উপজেলা ঘিরে ব্রহ্মপুত্র নদীর তীরে জেলার প্রাণকেন্দ্রে জামালপুর সদর উপজেলার অবস্থান। হযরত শাহ জামাল (রাঃ) নামানুসারে এ জেলার নাম রাখা হয়েছে জামালপুর। এ উপজেলার আয়তন ১৮৫ বর্গমাইল। তার মধ্যে পৌরসভা ১৮.১০ বর্গমাইল। ইউনিয়ন ১৫টি, পৌরসভা ১টি, মৌজা ২৯৯টি, গ্রাম ৩৪০টি, নদী ২টি ও খাল ১২টি।

**যোগাযোগ**

এ উপজেলার মোট রাস্তার পরিমাণ ৬৭৬.৪৪ মাইল, পাকা ৬১.১০ মাইল, কাঁচা ৬১৫.৩৪ মাইল। রেলপথ ৩০ মাইল, রেল স্টেশন ৬টি। উপজেলা সদরের রাস্তাগুলো প্রয়োজনীয় সংস্কারের অভাবে চলাচলের অযোগ্য হয়ে পড়েছে এবং রেল স্টেশনের প্রায় স্টেশনগুলোতে বিদ্যুৎ বিশ্রামাগার যাত্রী ছাউনি, পয়ঃপ্রণালীর ব্যবস্থা না থাকায় যাত্রীদের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে।

**কৃষিতথ্য**

কৃষকরা প্রয়োজনীয় সার, কীটনাশক, পানি, উন্নত বীজের অভাবে ও বৈজ্ঞানিক উপায়ে চাষাবাদ না করায় কৃষি ক্ষেত্রে উন্নতি করতে পারছে না। কৃষি পণ্যের মধ্যে ধান, পাট, ইক্ষু, ডাল, সরিষা শাক সবজিই প্রধান। এখানে মোট ফসলী জমির পরিমাণ ১,৯৭,২৫৫ একর আবাদযোগ্য, অনাবাদী বন ভূমি ১০৫ একর, খাস জমি ১,৭১৫.১০ একর ও আবাদী জমি ৯৪,১২৮ একর।

**শিক্ষা ব্যবস্থা**

এ উপজেলার প্রায় শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় চেয়ার, বেঞ্চ, টেবিল ও বিভিন্ন সামগ্রীর অভাব রয়েছে। বিশেষ করে বেসরকারী প্রাথমিক ও উচ্চ বিদ্যালয় এবং মাদ্রাসাগুলোর নানাবিধ সমস্যায় জর্জরিত। এ উপজেলায় পুরুষ মহাবিদ্যালয় ৩টি, মহিলা মহাবিদ্যালয় ১টি সর্বমোট ৪টি, তারমধ্যে ২টি সরকারী মহাবিদ্যালয়। উচ্চ বিদ্যালয় ৩৬টি, সরকারী বালক বিদ্যালয় ২টি, বেসরকারী বালক বিদ্যালয় ২৯টি, সরকারী বালিকা বিদ্যালয় ১টি, বেসরকারী বালিকা বিদ্যালয় ৪টি। নিম্নমান উচ্চ বিদ্যালয় ১৩টি, বালক ১০টি, বালিকা ৩টি, প্রাথমিক বিদ্যালয় ১৭৭টি, প্রাইমারী ট্রেনিং ইনস্টিটিউট ১টি।

**স্বাস্থ্য**

পানীয় জলের নলকূপ ২২৯১টি, পরিবার পরিকল্পনা কেন্দ্র ১৩টি, পরিবার কল্যাণ কেন্দ্র ২টি, মাতৃসদন ১টি, দাতব্য চিকিৎসালয় ৯টি, পরিবার পরিকল্পনা আওতাভূক্ত পরিবারের সংখ্যা ৯৫,৭৩২টি পরিবার পরিকল্পনা স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা পুরুষ ১,৪৪৬ জন ও মহিলা ৭,০৭০ জন। এ উপজেলায় ১০০ শয্যা বিশিষ্ট একটি আধুনিক হাসপাতাল রয়েছে। কিন্তু কাগজ-কলমে শুধু একশ' শয্যাই মূলতঃ ৫১ শয্যা। হাসপাতালের এম্বুলেন্স ২টি অকেজো হয়ে পড়ে আছে। ফলে, জরুরী ক্ষেত্রে রোগীদের হাসপাতালে আনা কিম্বা অন্যত্র হাসপাতালে পাঠানো ব্যাপারে অসুবিধার সম্মুখীন হতে হয়। হাসপাতালে জীবনরক্ষাকারী ও এন্টিবায়োটিক ওষুধের অভাব রয়েছে।

**হাট-বাজার**

এ উপজেলায় মোট ৩৪টি বাজার রয়েছে। প্রয়োজনীয় সংস্কার ও সম্প্রসারণের অভাবে বাজারের ক্রেতা-বিক্রেতা উভয়কেই দুর্ভোগ পোহাতে হচ্ছে। প্রায় কাঁচা বাজারগুলোতে শেডের অভাব রয়েছে। বাজারে পানি নিস্কাষণের কোন পথ না থাকায় একটু বর্ষণের ফলে চলাচলের রাস্তাগুলোতে পানি জমে কর্দমাক্ত হয়ে যায়।